



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
হাইড্রোকার্বন ইউনিট, সেগুন বাগিচা, ঢাকা-১০০০।

২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ফেব্রুয়ারি /২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ জাকির হোসেন পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন ইউনিট ও টিম লিডার, এপিএ টিম।
সভার তারিখ	২৫-০২-২০২১ ইং
সভার সময়	বৃহস্পতিবার, বিকাল ৪:০০ ঘটিকায়
স্থান	হাইড্রোকার্বন ইউনিট, মিনি কনফারেন্স রুম।
উপস্থিতি	ক) জনাব মেহেদী হাসান, উপ পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট, এপিএ টিম। খ) জনাব শিহাব মাহমুদ, সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন), সদস্য, এপিএ টিম গ) জনাব দেবব্রত দাস, সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), সদস্য, এপিএ টিম, ঘ) জনাব এম.আলাউদ্দিন আল আজাদ, সহকারী পরিচালক (অপারেশন), সদস্য, এপিএ টিম।

## ২.০। আলোচনাঃ

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতি ক্রমে এপিএ টিমের সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট জনাব মেহেদী হাসান, উপ পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) সভার কার্যপত্র উপস্থাপনা করেন। তিনি ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) জানুয়ারি/২০২১ মাসের এপিএ বাস্তবায়নের অগ্রগতি তুলে ধরেন এবং বলেন যে, ফেব্রুয়ারি ২০২১ এর মধ্যে ০৬ টি সেমিনার করার বাধ্যবাধকতা রয়েছে তার মধ্যে জানুয়ারি ২০২১ পর্যন্ত ০৫ (পাঁচ) টি সেমিনার হয়েছে এবং ০১ (এক) টি সেমিনার গত ২২ ফেব্রুয়ারি ২০২১ ইং তারিখে “Prospects of Biofuel in Bangladesh” শীর্ষক ভার্চুয়াল সেমিনারে অনুষ্ঠিত হয়েছে। সভাপতি অত্র অফিসের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) চলতি মাসের বাস্তবায়ন সম্পর্কে আলোচনা করে বলেন মাসিক গ্যাস এবং কয়লা মজুদ ও উৎপাদনের প্রতিবেদন, বার্ষিক গ্যাস মজুদ, উৎপাদন ও কনসাম্পসনের প্রতিবেদন, বাংলাদেশ এনার্জি সিনারিও প্রতিবেদন এবং গবেষণা/স্টাডি প্রতিবেদন সঠিক সময়ে করতে হবে।

২.২ সভাপতি গ্যাস এবং কয়লা মজুদ ও উৎপাদনের মাসিক প্রতিবেদন যথাসময়ে প্রস্তুত সহ ওয়াকসপ/ সেমিনার, গবেষণা/স্টাডি, ই-নথির বাস্তবায়ন, অভ্যন্তরীণ প্রশিক্ষণ, ডিজিটাল সেবা চালুকরণ সংক্রান্ত অফিস আদেশ, এপিএ উপর কর্মকর্তাদের প্রশিক্ষণ এবং বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন সহ অন্যান্য বিষয় যথাসময়ে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। পরিশেষে, সভাপতি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের নির্দেশনা সমূহ যথাযথ অনুসরণের উপর গুরুত্বারোপ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


## ৩.০। সিদ্ধান্তঃ

ক) অত্র মাসে জানুয়ারি ২০২১ মাসের গ্যাস এবং কয়লা মজুদ ও উৎপাদনের মাসিক প্রতিবেদন প্রস্তুতের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

খ) অত্র মাসে একটি ওয়াকসপ/ সেমিনার আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

গ) অত্র মাসে দুইটি অভ্যন্তরীণ প্রশিক্ষণের আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪.০। সভায় আর কোন বিষয় না থাকায় কমিটির সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ জাকির হোসেন  
পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন ইউনিট ও  
টিম লিডার, এপিএ টিম।


স্মারক নম্বর: ২৮.০৬.০০০০.০০০.৩২.০০১.১৭.৪৫

তারিখ: ১৮ ফাল্গুন ১৪২৭

০৩ মার্চ ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক , হাইড্রোকার্বন ইউনিট, সেগুন বাগিচা, ঢাকা-১০০০।
- ২) অফিস কপি ।



মোঃ জাকির হোসেন  
পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন ইউনিট ও  
টিম লিডার, এপিএ টিম।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা

নম্বর ২৮.০৬.০০০০.০০০.৩২.০০১.১৭.৪০

তারিখ: ৪ ফাল্গুন ১৪২৭

১৭ ফেব্রুয়ারি ২০২১

### নোটিশ

২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের অংশ হিসেবে এপিএ টিমের মাসিক সভা আগামী ২৫ ফেব্রুয়ারি ২০২১ ইং তারিখ, বৃহস্পতিবার বিকাল ৪:০০ ঘটিকায় অত্র দপ্তরের মিনি কনফারেন্স রুমে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় এপিএ টিমের সকল সদস্যকে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

১৭-২-২০২১

মোঃ জাকির হোসেন

পরিচালক (উপ সচিব) ও এপিএ টিম লিডার,

হাইড্রোকার্বন ইউনিট

ফোন: ৮৩৯১০৮৫

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা।
- ২) উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা
- ৩) সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন), হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা
- ৪) সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), হাইড্রোকার্বন ইউনিট
- ৫) সহকারী পরিচালক (পরিকল্পনা), হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা
- ৬) সহকারী পরিচালক (অপারেশন), হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা
- ৭) অফিস কপি